



"শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি"

বরিশাল সিটি কর্পোরেশন  
নগর ভবন, বরিশাল।  
(প্রশাসনিক শাখা)

**'চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি'**

স্মারক নং- বিসিসি/প্রশাসনিক/নিয়োগ-০৫/২১ - ২৩০

তারিখ: ১৯/০৫/২০২১ খ্রি:

বরিশাল সিটি কর্পোরেশনের আওতাধীন নিম্নবর্ণিত পদে ০৩ (তিন) বছর মেয়াদী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদ সংখ্যা	২০/০৬/২০২১ তারিখ পর্যন্ত প্রার্থীর বয়স	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	চুক্তি মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	সার্ভেয়ার	০৫ (পাঁচ)টি	অনুর্ধ্ব ৩০ বছর	(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন সার্ভে কোর্স সম্পন্ন হতে হবে ; তবে শর্ত থাকে যে, ডিজিটাল সার্ভে কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে।	আলোচনা সাপেক্ষে

আবেদনপত্রের সাথে আবশ্যিকীয় দাখিলযোগ্য কাগজপত্রঃ

- ১। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত মূল চারিত্রিক সনদপত্র। এছাড়া, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয় পত্রের কপি এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও প্রযোজ্য অন্যান্য কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ২। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদপত্র।
- ৩। আবেদনকৃত পদের নামসহ, আবেদনকারীর নাম (স্পষ্টাকরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, ২০/০৬/২০২১ খ্রি: তারিখে বয়স), নাগরিকত্ব/জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা (বোর্ড, বিভাগ, সন, ইত্যাদি উল্লেখসহ), অভিজ্ঞতা (প্রযোজ্যক্ষেত্রে) ইত্যাদি উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ ডাকটিকেট সংযুক্ত ফেরৎ খামে আবেদনকারীর পূর্ণ ঠিকানা সম্বলিত আবেদনপত্র আগামী ২০/০৬/২০২১ খ্রি: তারিখের মধ্যে মাননীয় মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন, নগর ভবন, বরিশাল, বরাবর পৌছাতে হবে।
- ৪। আবেদন পত্রের সাথে "মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন" এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা, টাকা মূল্যমানের অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাকট সংযুক্ত পূর্বক উহার নম্বর আবেদনপত্রে উল্লেখ করতে হবে (কোন পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- ৫। চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- ৬। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিলযোগ্য বলে গণ্য হবে।
- ৭। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উহার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- ৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বাতিল/প্রত্যাহার এর সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের লক্ষ্যে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

১৯/০৫/২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা  
বরিশাল সিটি কর্পোরেশন  
বরিশাল।